# নাগরিক পরিষেবায় ক্ষোভ



রাস্তা নির্মাণে দুর্নীতির অভিযোগে বিক্ষোভ। মণিরাম গ্রাম পঞ্চায়েতে।

## রাস্তা তৈরিতে দুর্নীতি, কাজ বন্ধ

**মহম্মদ হাসিম**

**নকশালবাড়ি, ৩০ জুন :** খাতায়-কলমে দেড় কিলোমিটার রাস্তা সংস্কারে বরাদ্দ আড়াই কোটি টাকা। কিন্তু বাস্তবে ৫০ লক্ষ টাকার কাজও হয়নি বলে অভিযোগ। যে কারণে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর এবং সংশ্লিষ্ট ঠিকাদার সংস্থার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠেছে। কিন্তু এরপরেও রাস্তার কাজের গুণগত মানের পরিবর্তন ঘটেনি। এমন বিস্তর অভিযোগ তুলে সোমবার রাস্তার কাজ আটকে দিলেন বাসিন্দারা। দফায় দফায় চলে বিক্ষোভ। সোমবার ঘটনাটি ঘটেছে নকশালবাড়ি ব্লকের মণিরাম গ্রাম পঞ্চায়েতের তারাবাড়ি এলাকায়।

শিডিউল অনুযায়ী রাস্তা সংস্কারের কাজ হচ্ছে না বলে অনেকদিন ধরেই সরব তারাবাড়ির বাসিন্দারা। নিম্নমানের সামগ্রী ব্যবহার, গর্ত না খুঁড়ে রাস্তার উপরে প্রোটেকশন ওয়াল তৈরি, কালভার্ট তৈরি না করে তার জায়গায় নিম্নমানের হিউমপাইপ ব্যবহার সহ একাধিক অভিযোগে এদিন কাজ বন্ধ করে দেন তাঁরা। মাসখানেক আগেও এমন অভিযোগ তুলে বিক্ষোভ দেখিয়েছিলেন স্থানীয়রা। সেসময় রাস্তা সংস্কার নিয়ে তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীর মধ্যে বিবাদ চরমে পৌঁছায়। নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির সহ সভাপতি এবং স্থানীয় পঞ্চায়েত সদস্যের মধ্যে হাতাহাতি পর্যন্ত হয়। তখন এক সপ্তাহের বেশি সময় কাজ বন্ধ ছিল। শেষে শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষের মধ্যস্থতায় এলাকায় কাজ শুরু হয়। এক মাস যেতে না যেতে সোমবার স্থানীয় বাসিন্দারা একই দাবিতে ফের রাস্তার কাজ বন্ধ করে দিয়েছেন। এদিন এলাকার প্রায় শতাধিক মহিলা কাজ আটকে রাস্তায় বসে পড়েন। বিক্ষোভকারীদের মধ্যে গন্ধেশ্বরী সিংহ বলেন, 'দীর্ঘদিন পর এলাকায় পাকা রাস্তা হচ্ছে। আড়াই কোটি টাকা বরাদ্দ হয়েছে। কিন্তু অত্যন্ত নিম্নমানের কাজ হচ্ছে। এজেন্সি শিডিউল অনুযায়ী কাজ করছে না। রাস্তার চওড়া এতটাই কম যে একটা ট্র্যাক্টর ঢুকলে, একজন মানুষ যাতায়াত করার জায়গা খুঁজে পাবেন না।' চন্দ্রিমা রাউত বলেন, 'যে প্রোটেকশন ওয়াল তৈরি করা হয়েছে, তা একবার হাত দিলেই ভেঙে যাচ্ছে। সরকার এত টাকা খরচ করে রাস্তা বানাচ্ছে, কিন্তু এতটা খারাপ কাজ হবে কেন? সব টাকা নেতা, সরকারি আধিকারিকদের পকেটে যাবে, এটা আমরা মেনে নেব না। ভালো করে কাজ করা না হলে আমরা আর কাজ করতেই দেব না।' স্বপ্না সিংহ বলেন, 'এর আগেই আমরা এজেন্সি এবং এলাকার নেতাদের সতর্ক করেছিলাম। রাস্তার কাজ নিয়ে আমরা কোনওরকম দুর্নীতি বরদাস্ত করব না। কিন্তু তারপরেও দুর্নীতি করা হচ্ছে।'

উল্লেখ্য, মণিরাম গ্রাম পঞ্চায়েত এলাকার তারাবাড়ি রাজীব গান্ধি মোড় থেকে রকমজোত মোড় পর্যন্ত দেড় কিলোমিটার রাস্তা সংস্কারে ২ কোটি ৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর থেকে। মাসদুয়েক আগে রাস্তার কাজের শিলান্যাস করেন শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি। কাজ শুরু হতেই রাস্তা নিয়ে ওঠে দুর্নীতির অভিযোগ। যদিও এলাকার বাসিন্দা তথা নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির সহ সভাপতি সজনী সুব্বা বলেন, 'এর আগেও রাস্তাটির কাজ নিয়ে এজেন্সিকে সতর্ক করেছিলাম। কিন্তু কথা শোনেনি। আমি শীঘ্রই এ বিষয়ে সভাধিপতির সঙ্গে আলোচনা করব।'

> যে প্রোটেকশন ওয়াল তৈরি করা হয়েছে, তা একবার হাত দিলেই ভেঙে যাচ্ছে। সরকার এত টাকা খরচ করে রাস্তা বানাচ্ছে, কিন্তু এতটা খারাপ কাজ হবে কেন? সব টাকা নেতা, সরকারি আধিকারিকদের পকেটে যাবে, এটা আমরা মেনে নেব না। ভালো করে কাজ করা না হলে আমরা আর কাজ করতেই দেব না।
>
> **চন্দ্রিমা রাউত** *বাসিন্দা*

## জমি দিয়েও মেলেনি সেতু

**অরুণ ঝা**

**ইসলামপুর, ৩০ জুন :** পাকা সেতুর জন্য জমি দেওয়া হয়ে গিয়েছে। কিন্তু এখনও সেতু তৈরির কাজ শুরু হয়নি। নদী পারাপারে নড়বড়ে বাঁশের সাঁকোর ওপরই ভরসা রাখতে হচ্ছে। এর প্রতিবাদে সোমবার ইসলামপুর থেকে ডাঙ্গাপাড়া রাজ্য সড়কে টায়ার জ্বালিয়ে ও গাছের ডাল ফেলে রাস্তা অবরোধ করেন স্থানীয় বাসিন্দারা। আগামী ১৫ দিনের মধ্যে সেতু তৈরির কাজ শুরু না করলে জাতীয় সড়ক অবরোধ করার হুমকিও দিয়েছেন আন্দোলনকারীরা।

বিক্ষোভকারীদের শান্ত থাকার পরামর্শ দিয়েছেন রাজ্যের মন্ত্রী গোলাম রব্বানি। তিনি জানিয়েছেন, সেতুর ডিপিআর তৈরি করে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। অনুমোদন পেলেই টেন্ডার প্রক্রিয়া শুরু হবে। দুর্গাপুজোর আগে দলঞ্চা নদীর ওপর স্থায়ী সেতুর কাজ শুরু হয়ে যাবে।

স্বাধীনতার পর সাত দশক পেরিয়ে গেলেও মাটিকুন্ডা-২ গ্রাম পঞ্চায়েত এলাকার ডাঙ্গাপাড়া, চাঁদমণি, আশ্রম সহ আশপাশের গ্রামের মানুষদের পাকা সেতু ভাগ্যে জোটেনি। দলঞ্চা নদীর ওপর একটি বাঁশের সাঁকোই যাতায়াতের একমাত্র পথ। ইসলামপুর শহরের সঙ্গে নদীর ওপারে প্রায় ৫০ হাজার মানুষের যোগাযোগের ভরসা ওই সাঁকো। প্রতিদিন জীবনের ঝুঁকি নিয়ে নড়বড়ে সাঁকো পারাপার করেন কয়েক হাজার মানুষ। বৃষ্টি হলেই পড়ুয়াদের স্কুলে যাতায়াত, অসুস্থ রোগীর হাসপাতালে পৌঁছানো, কৃষকদের ফসল নিয়ে বাজারে যাওয়া, সবকিছুতেই সমস্যা সৃষ্টি হয়। এদিন প্রায় তিন ঘণ্টা রাস্তা অবরুদ্ধ ছিল। বিক্ষোভকারীরা জানান, প্রতিটি ভোটের সময় রাজনৈতিক নেতারা আসেন, প্রতিশ্রুতি দেন, কিন্তু ভোট মিটতেই সব হারিয়ে যায়। আন্দোলনে শামিল হওয়া জাহিদুল ইসলাম বলেছেন, 'উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী থেকে শুরু করে এলাকার এমন কোনও নেতা-মন্ত্রী নেই, যাঁরা এখানে এসে প্রতিশ্রুতি দিয়ে যাননি। প্রশাসনের কর্তারা বড় বড় বুলি দিয়ে গিয়েছেন। দুই বিঘা জমি আমরা সরকারকে দিয়েছি। অথচ সেতু নিয়ে সরকারের হেলদোল নেই।'

জাহিদুলের প্রশ্ন, 'আমাদের বলা হয়েছিল শহরের নেতাজি সুভাষ মঞ্চ ও সেতুর কাজ একসঙ্গেই শুরু হবে। মঞ্চের কাজ ৩ জুলাই শুরু হতে যাচ্ছে। অথচ সেতু তৈরির কাজ এখনও শুরু হল না কেন? তাই ভোট বয়কটের সিদ্ধান্ত আমরা নিয়েছি। দ্রুত প্রশাসন ও নেতা-মন্ত্রীরা পদক্ষেপ না করলে জাতীয় সড়ক অবরোধ করে জোরদার আন্দোলন শুরু করব।'

**যন্ত্রণার চিত্র**

- ডাঙ্গাপাড়া, চাঁদমণি, আশ্রম সহ আশপাশের গ্রামের মানুষের পাকা সেতু ভাগ্যে জোটেনি
- দলঞ্চা নদীর ওপর একটি বাঁশের সাঁকোই যাতায়াতের একমাত্র পথ
- ইসলামপুরের সঙ্গে নদীর ওপারে প্রায় ৫০ হাজার মানুষের যোগাযোগের ভরসা ওই সাঁকো
- জীবনের ঝুঁকি নিয়ে সাঁকো পারাপার করেন বহু মানুষ



সেতুর দাবিতে ইসলামপুর-ডাঙ্গাপাড়া সড়ক অবরোধ। সোমবার।



## মাটিগাড়ার পথ যেন চাষের জমি

**খোকন সাহা**

**বাগডোগরা, ৩০ জুন :** পথ অবরোধ থেকে প্রশাসনের দ্বারস্থ হওয়া, সমস্তটাই করেছেন গ্রামবাসীরা। কিন্তু হাল ফেরেনি রাস্তার। বরং বেহাল হয়েছে আরও। যে কারণে রাস্তা না হাল চাষের জমি, দেখে বোঝার উপায় নেই।

ক্ষোভের জেরে কিছুদিন আগে পৃথকভাবে দুটি এলাকাতেই পথ অবরোধ হয়েছিল। পতিরামজোতের মহিলারা মাটিগাড়ার বিডিওকে স্মারকলিপি দিয়ে তাঁদের ভোগান্তির বিষয়টি তুলে ধরেছিলেন। সমস্যার সমাধানের বিষয়ে বিডিও বিশ্বজিৎ দাস তাঁদের আশ্বাস দিয়েছিলেন। তাঁর আশ্বাসের পর গত সপ্তাহে পতিরামজোতের রাস্তার গর্ত ভরাট করার জন্য মাটি ফেলা হয়। কিন্তু ওই কাজের পর পরিস্থিতি আরও খারাপ হয়েছে বলে স্থানীয়দের অভিযোগ। সুরজ মল্লিক নামে এক তরুণ বলেন, 'রাস্তার গর্তে মাটি ফেলায় মনে হচ্ছে ট্র্যাক্টর দিয়ে চাষ করা হয়েছে। এর জন্য দুর্ঘটনা ঘটছে।' টোটোচালক চঞ্চল বর্মন বলেন, 'এই রাস্তায় টোটো উলটে যায়।' স্থানীয় রুমা মণ্ডল বলেন, 'রাস্তায় রাতদিন ওভারলোড ডাম্পার চলাচল করে। ১৬ চাকার পণ্যবাহী গাড়ি চলাচল করে। ভোগান্তির শেষ নেই।'

মাটিগাড়া ব্লকের মাটিগাড়া হাসপাতাল মোড় থেকে পতিরামজোত হয়ে চৌরঙ্গি মোড় পর্যন্ত আড়াই কিলোমিটার এবং মাটিগাড়া হাসপাতাল মোড় থেকে তুম্বাজোত হয়ে খোলাইবক্তরি হয়ে ঝংকার মোড় সংযোগকারী ৩.৮ কিলোমিটারের রাস্তার হাল চাষের জমির মতোই। দুটি রাস্তার হাল দেখলে মনে হয়, কোথাও ট্র্যাক্টর দিয়ে চাষ করা হয়েছে, কোথাও আবার ধান রোপণ করার জন্য জলাভূমি তৈরি করা হয়েছে।

এদিকে, মাটিগাড়া- ২ গ্রাম পঞ্চায়েতের অধীনে দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা অবিলম্বে মেরামত করার দাবিতে বিধানসভায় সরব হয়েছিলেন মাটিগাড়া-নকশালবাড়ির বিধায়ক বিজেপির আনন্দময় বর্মন। বিধানসভায় অধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করে আনন্দময় বলেছিলেন, 'দুটি রাস্তা দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় রয়েছে। এই রাস্তা দিয়ে বহু মানুষ যাতায়াত করেন। কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। মানুষকে খুব সমস্যার মধ্যে চলতে হচ্ছে।' মাটিগাড়া পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ভোলা ঘোষ বলেন, 'এই দুটি রাস্তা দ্রুত মেরামত করার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। আশা করছি মেরামত করার উদ্যোগ নেওয়া হবে।'




## যানজট নিয়ে চালকদের বৈঠক কাল

**শিলিগুড়ি, ৩০ জুন :** দার্জিলিংয়ের যানজট সমস্যায় জেরবার যানচালকরা। তা থেকে মুক্তির পথ খুঁজতে সমস্ত যানচালক ও মালিকদের নিয়ে বুধবার বৈঠক ডাকা হয়েছে। দার্জিলিংয়ের নেপালি সাহিত্য সম্মিলনিতে সকাল ১০টায় এই বৈঠক হবে বলে চালক সংগঠনের তরফে জ্যোতি থাপা জানিয়েছেন। ফলে ওইদিন পাহাড়ে যাতায়াতে গাড়ির সমস্যা হওয়ার আশঙ্কা রয়েছে। চালক সংগঠনের বক্তব্য, প্রতিদিন যানজটের জেরে সমতল থেকে দার্জিলিং যাতায়াত কঠিন হয়ে পড়ছে। পর্যটক থেকে সাধারণ যাত্রী- সকলে ভোগান্তির শিকার হচ্ছেন। ক্ষতির মুখে পড়ছেন গাড়ির মালিক এবং চালকরাও। এই পরিস্থিতিতে কী করণীয় তা নিয়ে বৈঠকে আলোচনা হবে।

## বিরোধিতা

**খড়িবাড়ি, ৩০ জুন :** খড়িবাড়ি ব্লক কংগ্রেস কমিটি সোমবার একাধিক দাবিতে বিদ্যুৎ বণ্টন সংস্থার কার্যালয়ে স্মারকলিপি দেওয়া হল। স্মার্ট মিটার বাতিল এবং প্রতিমাসে ২০০ ইউনিট পর্যন্ত নিঃশুল্ক বিদ্যুৎ পরিষেবা চালুর দাবি তোলেন নেতা-কর্মীরা। পাশাপাশি খড়িবাড়িতে ঘনঘন লোডশেডিং, খড়িবাড়ি-ভালুকগাড়া রাজ্য সড়কের পাশে বিদ্যুতের খুঁটি দূরে সরানো, গ্রাহক হয়রানি বন্ধের দাবি জানানো হয়। সংস্থার স্টেশন ম্যানেজারকে স্মারকলিপি দেওয়ার সময় উপস্থিত ছিলেন দার্জিলিং জেলা কংগ্রেসের আহ্বায়ক সুবীন ভৌমিক, প্রাক্তন বিধায়ক সুনীলচন্দ্র তিরকি, কংগ্রেস নেতা মুনিস তামাং প্রমুখ।

## নেশার টাকা জোগাড়ে চুরি

**শিলিগুড়ি, ৩০ জুন :** এসির তার চুরি করতে গিয়ে পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশের জালে এক তরুণ। ধৃতের নাম মহম্মদ আজমাত। সে শহর লাগোয়া তুলসীনগরের বাসিন্দা। রবিবার রাতে বিধান মার্কেটে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। ধৃতকে সোমবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। পুলিশ সূত্রের খবর, ১৭ জুন হিলকার্ট রোডের একটি কাপড়ের দোকান থেকে এসির তার চুরির অভিযোগ জমা পড়েছিল। সেই অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে আজমাতকে গ্রেপ্তার করা হল। তাকে জিজ্ঞাসাবাদ করে বিধান মার্কেটের ভেতরের একটি গলি থেকে এসির তার উদ্ধার হয়েছে। অভিযুক্ত জেরায় জানিয়েছে, মূলত ব্রাউন সুগার কেনার টাকা জোগাড়ে চুরিতে হাত পাকিয়েছিল সে।

**পুলিশের জালে তরুণ**

এসির তার চুরির পর পর অভিযোগ আসছিল পুলিশের কাছে। সেই মোতাবেক তদন্ত শুরু হয়। অবশেষে পাকড়াও করা হয় আজমাতকে।

**WEST BENGAL BOARD OF PRIMARY EDUCATION**

"Acharya Prafulla Chandra Bhawan", DK-7/1, Sector-II, Bidhannagar, Kolkata-700091
E-Mail: secretarywbbpe.ptti@gmail.com / Website: https://wbbpe.wb.gov.in

No. 433/WBBPE/D.El.Ed./2025/95P-06/25 Date: 30/06/2025

**NOTIFICATION**

**(Regarding Admission to the 2-year D.El.Ed. Course under Regular/Face to Face Mode for the Session 2025-2027 in D.El.Ed. Institutes Affiliated with West Bengal Board of Primary Education)**

Online applications are invited from the intending eligible candidates (As per NCTE Regulations-2014) for admission to the **2-year D.El.Ed. Course (Regular/Face-to-Face Mode) for the Session 2025-2027** in D.El.Ed. Institutes recognized by the NCTE and affiliated with WBBPE **on and from 4 July, 2025 (Friday) to 20 July, 2025 (Sunday).**

The details regarding eligibility criteria, admission procedures and list of Institutions (Medium-wise & District-wise) will be available in the official website of the WBBPE : **https://wbbpe.wb.gov.in**

Sd/-
Secretary
WBBPE

# জিএসটি ফাঁকি দিতে নকল প্রতিষ্ঠান

### সুপারি কাণ্ডে নয়া মোড়

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ৩০ জুন :** শুধু পুলিশ কিংবা শুল্ক দপ্তরকে ফাঁকি দেওয়াই নয়, জিএসটি ফাঁকি দিতেও নকল ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং পরিবহণ সংস্থা তৈরি করেছিল আন্তর্জাতিক সুপারি পাচারচক্রের মাথারা। জিএসটি দপ্তর থেকে সংগৃহীত তথ্যের ওপর ভিত্তি করে কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে এমনই রিপোর্ট জমা করেছিলেন সরকারি আইনজীবী। ওই রিপোর্ট অনুযায়ী, ভুয়ো ব্যবসার নথিভুক্তির জন্য জিএসটি দপ্তরেও নকল কাগজপত্র জমা করেছিল অভিযুক্তরা। মূলত কর ফাঁকি দিয়ে সরকারের সঙ্গে প্রতারণা করার জন্যই এমন কাজ করা হয়েছিল বলে রিপোর্টে উল্লেখ রয়েছে।

পাশাপাশি, ২০২৪ সালে যখন দার্জিলিং জেলা পুলিশ পাঁচটি সুপারিবোঝাই লরি আটক করে, তখন অভিযুক্তদের সঙ্গে কোনও বিল কিংবা ইনভয়েস বা ওই সুপারি সঠিক পথে কেনা, তার কোনও নথি ছিল না বলে অভিযোগ। পাশাপাশি, জিএসটি আইনের ৬০ ধারার জিএসটিআর-২এ কিংবা জিএসটিআর-২বি অভিযুক্তরা দেয়নি বলে অভিযোগ।

আন্তর্জাতিক বাজারে পাচারের আগে পাঁচ ট্রাক বেআইনি সুপারি সমেত বেশ কয়েকজনকে গ্রেপ্তার করে দার্জিলিং জেলা পুলিশ। ফাঁসিদেওয়া থানা এবং নকশালবাড়ি থানায় দুটি পৃথক মামলা রুজু করা হয়। মামলার তদন্তে নেমে পুলিশ জানতে পারে, বাগডোগরার বাসিন্দা সুপারি ব্যবসায়ী ধীরাজ ঘোষ ঘটনায় জড়িত। এর পরেই তাঁর বিরুদ্ধে স্বতঃপ্রণোদিত মামলা রুজু করে নকশালবাড়ি থানার পুলিশ। ওই ঘটনায় ধীরাজ ঘোষকে গ্রেপ্তারও করে। যে সুপারি আটক করা হয়েছিল, তা নিজের দাবি করে কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে মামলা রুজু করেন অভিষেককুমার কাশ্যপ নামের এক ব্যক্তি। মামলা চলাকালীন যে সংস্থার নামে ব্যবসা এবং পরিবহণ সংস্থার নাম পাওয়া গিয়েছে, তার খোঁজ নিতে অসম যান ফাঁসিদেওয়া থানার তদন্তকারী আধিকারিক। ওখানে গিয়ে তিনি জানতে পারেন, যে সংস্থার নামে সুপারি পাঠানো হচ্ছিল এবং যে পরিবহণ সংস্থা পাঠাচ্ছিল, দুটিরই কোনও অস্তিত্ব নেই। এই সংক্রান্ত নথি আদালতেও জমা করেছিলেন তদন্তকারী আধিকারিক। এর পরেই ওই সুপারি অকশনের নির্দেশ দেওয়া হয়েছিল। অন্যদিকে, শুধু সংস্থা জাল নয়, জিএসটিতে রেজিস্ট্রেশনেও জালিয়াতি করা হয়েছে। মূলত কর ফাঁকি দিতেই এই কাজ করা হয়েছে বলে মনে করা হচ্ছে। এই রিপোর্টও সরকারি আইনজীবীর মাধ্যমে আদালতে জমা পড়েছে। তাই অকশনে অংশ নেওয়া সংস্থা, সুপারির দাবিদারকেও তদন্তের আওতায় আনার দাবি উঠেছে।




**প্রশ্ন যেখানে**

- ভুয়ো ব্যবসার নথিভুক্তির জন্য জিএসটি দপ্তরে নকল কাগজপত্র জমা করেছিল অভিযুক্তরা
- ২০২৪ সালে পুলিশ পাঁচটি সুপারিবোঝাই লরি আটক করে
- সেই সময় অভিযুক্তদের সঙ্গে কোনও বিল কিংবা ইনভয়েস ছিল না
- জিএসটি আইনের ৬০ ধারার জিএসটিআর-২এ কিংবা জিএসটিআর-২বি অভিযুক্তরা দেয়নি

### বিনা টেন্ডারে ওয়ার্ক অর্ডার

# বিল মেটাতে চাপে মাল পুর বোর্ড

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ৩০ জুন :** প্রাক্তন চেয়ারম্যান স্বপন সাহার আমলের বিনা টেন্ডারে একাধিক ওয়ার্ক অর্ডার দেওয়া নিয়ে বিতর্ক মাল পুরসভায়। শিবরতন আগরওয়ালের পর এবার আরেক ঠিকাদার আকাশ মুসাদ্দির বিল মেটানো নিয়ে চাপে পুরসভার বর্তমান চেয়ারম্যান। আকাশ মুসাদ্দির কাজের কোনও নথি পুরসভার রেকর্ডে নেই। সমস্ত বিষয় জানিয়ে রাজ্য পুর ও নগরোন্নয়ন দপ্তরকে চিঠি করল মাল পুরসভা। এদিকে, উচ্চ আদালতের নির্দেশে আর এক মাসের মধ্যে বকেয়া বিল মেটাতে হবে পুরসভাকে। এমন উভয়সংকটের মধ্যে কার্যত দিশেহারা পুরসভার চেয়ারম্যান উৎপল ভাদুড়ি। তিনি বলেন, 'যে সমস্ত কাজের সরকারি নথিপত্র নেই সেগুলি সম্পর্কে রাজ্য পুর ও নগরোন্নয়ন দপ্তরে জানিয়েছি। সেখান থেকে যা নির্দেশ আসবে সেইভাবেই পরবর্তী পদক্ষেপ করা হবে।'

প্রাক্তন চেয়ারম্যান স্বপন সাহা অবশ্য দাবি করেন, 'আমার আমলে কোনও কাজই বেআইনিভাবে হয়নি। পরবর্তীতে বর্তমান চেয়ারম্যানকে সমস্ত কিছু বুঝিয়ে তাঁর হাতে দায়িত্ব তুলে দিয়েছিলাম। এখন সমস্ত দায়িত্ব তাঁকেই পালন করতে হবে।'

শিবরতন আগরওয়ালের মতোই, ঠিকাদার আকাশ মুসাদ্দি যে কাজের বরাত পেয়েছিলেন, সেটিরও কোনও টেন্ডার হয়নি। ফলে টেন্ডার ছাড়াই ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছিল আকাশকে। তাছাড়া ওই কাজের কোনও প্রশাসনিক অনুমতি নেননি তৎকালীন চেয়ারম্যান। সেইসঙ্গে ছিল না রাজ্য অর্থ দপ্তরের অনুমোদন। পুরসভা সূত্রে জানা গিয়েছে, প্রয়োজনীয় প্রশাসনিক অনুমতি ছাড়াই ওয়ার্ক অর্ডার ইস্যু করা হয়েছিল আকাশের নামে। সম্পূর্ণ বেআইনিভাবে এই কাজের বরাত দেওয়া হয়েছিল।

হাইকোর্টের সার্কিট বেঞ্চের নির্দেশ অনুযায়ী ১২ সপ্তাহের মধ্যে কেটে গিয়েছে আট সপ্তাহ। পরবর্তী চার সপ্তাহের মধ্যেই আকাশের সম্পূর্ণ বকেয়া মেটানোর কথা পুরসভার। বর্তমান পরিস্থিতির বিষয়ে সমস্ত তথ্য জানিয়ে সহ রাজ্য পুর ও নগরোন্নয়ন দপ্তরের বিশেষ সচিবের কাছে গত শনিবার চিঠি পাঠিয়েছে মাল পুরসভা।

সোমবার আকাশের সঙ্গে একাধিকবার চেষ্টা করেও যোগাযোগ করা সম্ভব হয়নি। তবে শিবরতন এদিনও ক্ষোভ প্রকাশ করেছেন বর্তমান চেয়ারম্যানের বিরুদ্ধে। তিনি বলেন, 'যখন হাইমাস্ট লাইট লাগানো হয়েছিল তখন ভাইস চেয়ারম্যান পদে ছিলেন উৎপল ভাদুড়ি। তিনি সব জেনেও এখন চোখ পালটাচ্ছেন। যদি এই সব কাজের টেন্ডার না হয়ে থাকে তবে তখন কেন তাঁরা বাধা দেননি?'



# যেতে যেতে পথে হল দেরি... নিয়মকে থোড়াই কেয়ার করি









টয়ট্রেনের লাইনের ওপর গাড়ি, সামগ্রী রাখতে হামেশাই দেখা যায়। এতে যাত্রায় ব্যাঘাত ঘটে। সোমবার শালবাড়িতে লাইনের ওপর স্কুটার রেখেছিলেন একজন। খেলনাগাড়ির ধাক্কায় সেটা পড়ে যায় রাস্তার পাশে (১ ও ২)। ছুটে আসেন স্কুটারচালক (৩)। ছবি : সূত্রধর

## ধামসা-মাদলের বোলে পালিত হুল উৎসব

**উত্তরবঙ্গ ব্যুরো**

৩০ জুন : সোমবার গোটা উত্তরবঙ্গজুড়ে সাঁওতাল বিদ্রোহের দুই বীর শহিদ যোদ্ধা সিধো ও কানহোর স্মরণে পালিত হল 'হুল উৎসব'। এদিন খড়িবাড়িতে একটি বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করে বনবাসী কল্যাণ আশ্রমের দার্জিলিং জেলা শাখা। দুপুরে খড়িবাড়ি কল্যাণ আশ্রম থেকে আদিবাসী সম্প্রদায়ের বহু মানুষ চিরাচরিত পোশাকে, ধামসা-মাদল বাজিয়ে, তির-ধনুক হাতে শোভাযাত্রাটি শুরু করেন। শোভাযাত্রায় প্রধান অতিথি ছিলেন ফাঁসিদেওয়ার বিধায়ক দুর্গা মুর্মু। মাদল বাজিয়ে শোভাযাত্রায় হাঁটেন বিধায়ক। তিনি বলেন, 'সাঁওতাল বিদ্রোহ ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। বীর শহিদদের আত্মবলিদানের প্রতি শ্রদ্ধা জানাতে আজকের এই শোভাযাত্রাটির আয়োজন করা হয়েছিল।'

চোপড়া ব্লকের মাঝিয়ালি গ্রাম পঞ্চায়েতের দেবীঝোরা ফুটবল মাঠে এই দিনটি পালিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যের মন্ত্রী গোলাম রব্বানি। উপস্থিত ছিলেন জেলা শাসক সুরেন্দ্রকুমার মিনা, জেলা পরিষদ সভাধিপতি পম্পা পাল, চোপড়ার বিধায়ক হামিদুল রহমান, ইসলামপুর জেলা পুলিশের এসপি জবি থমাস প্রমুখ। জেলা শাসক বলেন, 'আদিবাসী সমাজের বীরদের প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি নতুন প্রজন্মের কাছে তাঁদের অবদান তুলে ধরতে

### মহিলাদের প্রীতি ম্যাচ

দিনটি পালন করা হচ্ছে। পাশাপাশি, আদিবাসী সম্প্রদায়ের মানুষের হাতে ধামসা-মাদল ও জাতিগত শংসাপত্র তুলে দেওয়া হয়। কৃতী ছাত্রছাত্রীদের মেধা পুরস্কার দেওয়া হয়েছে।' দিনশেষে মহিলাদের নিয়ে একটি প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করা হয়।

অন্যদিকে, রাজ্য আদিবাসী উন্নয়ন দপ্তরের উদ্যোগে ও দার্জিলিং জেলা প্রশাসনের সহযোগিতায় নকশালবাড়িতেও হুল দিবস পালিত হয়েছে। নকশালবাড়ি কমিউনিটি হলে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাঁওতাল বিদ্রোহের দুই নেতা সিধো ও কানহোর স্মরণে এই কর্মসূচির আয়োজন করা হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ, সহকারী সভাধিপতি রোমা রেশমি এক্কা, আদিবাসী দপ্তরের প্রকল্প আধিকারিক বীর বিক্রম রাই, নকশালবাড়ির বিডিও প্রণব চট্টরাজ, নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি আনন্দ ঘোষ প্রমুখ। অনুষ্ঠানে আদিবাসী সম্প্রদায়ের মাধ্যমিক পরীক্ষার্থীদের হাতে বিআর আম্বেদকর মেধা পুরস্কার তুলে দেওয়া হয়। ১৫ জন ছাত্রছাত্রীর হাতে ৫ হাজার টাকার আর্থিক অনুদান তুলে দেওয়া হয়েছে। শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি বলেন, 'আদিবাসী সম্প্রদায়ের কৃষ্টি ও সংস্কৃতি রক্ষা করতে এই হুল দিবস।'

প্রসঙ্গত, ১৮৫৫ সালের ৩০ জুন সিধো ও কানহোর ডাকে অত্যাচারী ইংরেজ শাসনের বিরুদ্ধে সমবেত হয়েছিলেন কয়েক হাজার সাঁওতাল সম্প্রদায়ের মানুষ। 'হুল' শব্দের অর্থ 'বিদ্রোহ।' সেই সময়ে সিধো ও কানহোর আন্দোলন ব্রিটিশ সাম্রাজ্যের ভিত কাঁপিয়ে দিয়েছিল। শহিদ হয়েছিলেন দুজনেই। তাই এই দিনটিকে স্মরণে রেখে 'হুল দিবস' পালন করা হয়।

### বাউলগান

**চোপড়া, ৩০ জুন :** চোপড়ার তিনমাইলহাট স্টেশন এলাকায় স্থানীয় বাসিন্দাদের উদ্যোগে তিনদিনব্যাপী বাউলগানের অনুষ্ঠান শেষ হল সোমবার। রথযাত্রা উপলক্ষ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। উত্তরবঙ্গের বিভিন্ন জেলার শিল্পীরা তাতে অংশ নেন।

### সমান্তরাল দল চালানোর অভিযোগ নস্যাৎ

# বিজেপির কোন্দলে নিশানায় আনন্দময়

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ৩০ জুন :** বিধানসভা ভোটের আগে বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলায় গোষ্ঠীকোন্দল বাড়ছে। আনন্দময় বর্মন জেলা সভাপতির পদ থেকে সরে যাওয়ার পর থেকে তাঁকে আর দলীয় কাজকর্মে সেভাবে পাওয়া যায় না বলে অভিযোগ ছিল। এবার তাঁর বিরুদ্ধে সমান্তরাল পার্টি চালানোর অভিযোগ উঠেছে।

দলের শিলিগুড়ির বর্তমান শাসকগোষ্ঠীর অভিযোগ, নিজের বিধানসভা এলাকা এবং চোপড়ায় গিয়ে আনন্দ আলাদাভাবে নেতা-কর্মীদের নিয়ে বসছেন। সেখানে পৃথক গোষ্ঠী তৈরি করছেন। অথচ জেলার কোনও কর্মসূচি থাকলে তাঁকে পাওয়া যায় না।

আনন্দময় অবশ্য সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছেন। তাঁর বক্তব্য, 'বর্তমান হোক বা প্রাক্তন কার্যকর্তা, সকলেই তো পার্টিরই লোক। আমাকে যিনি বা যাঁরা ডাকবেন সেখানেই যাব। জেলা নেতৃত্ব ডাকলেও যাই। আমি কোথাও সমান্তরাল পার্টি চালাচ্ছি না।' বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলা সভাপতি অরুণ মণ্ডলের বক্তব্য, 'এটা আমাদের সাংগঠনিক বিষয়। কোথাও কোনও সমস্যা হয়ে থাকলে আনন্দময় বর্মনের সঙ্গে কথা বলব।'

২০২৩ সালের অগাস্ট মাসে বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলা কমিটির সভাপতির দায়িত্ব পান অরুণ মণ্ডল। তার আগে প্রায় দেড় বছর মাটিগাড়া-নকশালবাড়ির বিধায়ক আনন্দময় জেলা সভাপতির দায়িত্ব পালন করেছেন। অরুণ ক্ষমতায় আসার পরে জেলা কমিটির পাশাপাশি প্রায় প্রতিটি মণ্ডল কমিটিতেই রদবদল হয়েছে। অভিযোগ, আনন্দ জেলা সভাপতির পদ থেকে সরে যাওয়ার

> বর্তমান হোক বা প্রাক্তন কার্যকর্তা, সকলেই তো পার্টির লোক। আমাকে যিনি বা যাঁরা ডাকবেন সেখানেই যাব। জেলা নেতৃত্ব ডাকলেও যাই। আমি সমান্তরাল পার্টি চালাচ্ছি না। বিধানসভা ভোট সামনে। দল কাকে প্রার্থী করবে সেটা দলের বিষয়। সবাইকে নিয়েই দল চলছে। সবাইকে নিয়ে কাজ করছি।
>
> *-আনন্দময় বর্মন, বিধায়ক*
>
> এটা আমাদের সাংগঠনিক বিষয়। কোথাও কোনও সমস্যা হয়ে থাকলে আনন্দময় বর্মনের সঙ্গে কথা বলব।
>
> *-অরুণ মণ্ডল, শিলিগুড়ি সাংগঠনিক জেলা সভাপতি, বিজেপি*

পর থেকেই বর্তমান জেলা নেতৃত্বের সঙ্গে দূরত্ব তৈরি করেছেন। জেলার কর্মসূচিগুলিতে তাঁকে সেভাবে পাওয়া যায় না।

বিজেপি আগেই জানিয়েছে, জয়ী আসনগুলিতে প্রার্থী বদল করা হবে না। কাজেই আনন্দ ফের মাটিগাড়া-নকশালবাড়ি কেন্দ্র থেকে বিধানসভা ভোটে প্রার্থী হচ্ছেন, এটা একরকম নিশ্চিত। সেইজন্য তিনি ইতিমধ্যেই ময়দানে নেমে পড়েছেন।

কিন্তু বর্তমান মণ্ডল সভাপতি সহ এলাকায় থাকা জেলা কমিটির নেতা-নেত্রীদের সঙ্গে তিনি যোগাযোগ রাখছেন না এবং তাঁদের কর্মসূচিতেও থাকছেন না বলে অভিযোগ। বরং তাঁর আমলে জেলা এবং মণ্ডলে দায়িত্বে থাকা নেতা-নেত্রীদের নিয়েই সমান্তরালভাবে এলাকায় দল চালাচ্ছেন বলে শাসকগোষ্ঠীর দাবি।

রবিবার মাটিগাড়ায় আনন্দ মণ্ডল সভাপতি নিতাই রায়কে না জানিয়ে সেখানকার বিক্ষুব্ধ এবং প্রাক্তন নেতৃত্বকে নিয়ে বৈঠক করেছেন। এনিয়ে ক্ষুব্ধ শাসক গোষ্ঠী। এমনকি চোপড়ায় গিয়েও আনন্দ শাসকগোষ্ঠীকে অন্ধকারে রেখে তাঁর পরিচিত নেতা-নেত্রীদের নিয়ে বৈঠক করছেন বলে অভিযোগ।

আনন্দ অবশ্য এসব অভিযোগ সাজানো এবং ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছেন। তাঁর বক্তব্য, 'বিধানসভা ভোট সামনে। দল কাকে প্রার্থী করবে সেটা দলের বিষয়। কিন্তু প্রার্থী যেই হোন না কেন এলাকায় সংগঠনকে মজবুত করা, জনসংযোগ বাড়ানোর কাজ তো করতেই হবে। আর যাঁরা এখন পদে রয়েছেন তাঁরাই শুধু নেতা, প্রাক্তনরা নেতা নন, এটা তো ঠিক নয়। সবাইকে নিয়েই দল চলছে। আমি সবাইকে নিয়েই কাজ করছি।'



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

চেনা পথ।।
*হলদিবাড়ির রাঙ্গাপানিতে ছবি তুলেছেন পূর্ণেন্দু রায়।*

## দু'মাসের মধ্যেই চালু মার্কেট কমপ্লেক্স

**শিলিগুড়ি, ৩০ জুন :** আগামী দু'মাসের মধ্যেই শিলিগুড়ি মহকুমা পরিষদের নতুন মার্কেট কমপ্লেক্স চালু হয়ে যাবে। টেন্ডার করে নবনির্মিত কমপ্লেক্সের দোকানগুলি ভেন্ডারদের হাতে তুলে দেওয়া হবে। মহকুমা পরিষদের ভবনের পাশে ইতিমধ্যে ১৬টি দোকান তৈরি করা হয়েছে। বিষয়টি নিয়ে মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ বলেন, 'শীঘ্রই দোকানগুলির টেন্ডার প্রক্রিয়া শুরু করা হবে। বিভিন্ন ধরনের দোকান এখানে হতে পারে। তবে ভাড়া কত রাখা হবে সেটা আলোচনা করে ঠিক করা হবে।'

নিজস্ব আয় বাড়াতে মহকুমা পরিষদ মার্কেট কমপ্লেক্স বানানোর সিদ্ধান্ত নিয়েছিল। নিজস্ব তহবিলের প্রায় ৫০ লক্ষ টাকা খরচ করে ১৬টি দোকানঘর তৈরি করা হয়েছে। ভুটিয়া মার্কেট এলাকায় এমনিতে দোকানঘরের চাহিদা তুঙ্গে। সেখানে নতুন মার্কেট কমপ্লেক্সে দোকানঘর পাওয়ার ক্ষেত্রে অনেকেই ইতিমধ্যে মহকুমা পরিষদে যোগাযোগ শুরু করেছেন। কী ধরনের দোকান করা যাবে, সেই বিষয়ে তেমনভাবে কোনও বাধ্যবাধকতা মহকুমা পরিষদের তরফে দেওয়া হচ্ছে না বলেই খবর। সভাধিপতির কথায়, 'দোকানগুলি চলা শুরু করলে আমাদের খরচের টাকা ধীরে ধীরে উঠে আসবে। পরবর্তীতে এই দোকানগুলি আয় দেবে। যা দিয়ে বিভিন্ন এলাকায় প্রয়োজন মাফিক খরচ করা যাবে।'

গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি বা মহকুমা পরিষদের জন্য অর্থ কমিশনের মাধ্যমে যে টাকা আসে তা কোন খাতে খরচ করতে হবে, তা আগে থেকে ঠিক করা থাকে। জরুরি পরিষেবার জন্য খরচের প্রয়োজন হলেও সেই টাকায় হাত দেওয়া যায় না। সেই কারণে মহকুমা পরিষদ কর্তৃপক্ষ নিজস্ব আয় বাড়ানোর দিকেই জোর দিয়েছে। নতুন করে পরিষদের হলঘরটি সংস্কার করে ভাড়া দেওয়া হচ্ছে। হলের ভাড়ার কথা মাথায় রেখে লিফট বসানো হচ্ছে। পাশাপাশি বিভিন্ন ব্লকে থাকা মার্কেট কমপ্লেক্সগুলি সংস্কার করা হয়েছে।

## পথ দুর্ঘটনায় জখম পাঁচ

**শিলিগুড়ি, ৩০ জুন :** শিলিগুড়ি থেকে কার্সিয়াং যাওয়ার পথে রোহিণী রোডে একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে দোকানে ঢুকে গেল। ঘটনায় অন্তত পাঁচজন আহত হয়েছেন। তবে, তাঁদের চোট গুরুতর নয়। সোমবার দুপুরে শিলিগুড়ি থেকে একটি ভাড়াগাড়ি যাত্রীদের নিয়ে দার্জিলিংয়ের উদ্দেশ্যে যাচ্ছিল। রোহিণী রোডে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে একটি দোকানের দেওয়াল ভেঙে ভেতরে ঢুকে যায়। দোকানে সে সময় যাঁরা ছিলেন প্রত্যেকে কমবেশি জখম হন। গাড়িচালকের দাবি, ব্রেক কাজ না করায় দুর্ঘটনাটি ঘটেছে।

### নজর নেই প্রশাসনের, ক্ষুব্ধ পঞ্চায়েত প্রধান

# পঞ্চনই সংলগ্ন জমি দখল, বিক্রি



শালবাড়িতে দখলে নদীর চর ও সংলগ্ন এলাকা। সোমবার। ছবি : সূত্রধর

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ৩০ জুন :** জমি জরিপ হচ্ছে। তৈরি হচ্ছে প্লট এবং দিনের আলোয় তা বিক্রি হয়ে যাচ্ছে। কোনও প্রতিবাদ নেই, দেখা যায় না প্রশাসনিক কোনও পদক্ষেপও। বেআইনি এমন জমি দখল এবং বিক্রি চলছে মাটিগাড়া ব্লকের চম্পাসারি গ্রাম পঞ্চায়েতের শালবাড়িতে। এখানকার নয়াবস্তি মাঠ সংলগ্ন পঞ্চনই নদী এভাবেই পুরো দখল হয়ে যাচ্ছে। অভিযোগ, জমি মাফিয়ারা নয়াবস্তির কিছু তরুণকে মোটা টাকার প্রলোভন দিয়ে কারবার চালাচ্ছে।

এ বিষয়ে মাটিগাড়ার বিডিও বিশ্বজিৎ দাস এবং ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক দাওয়া ভুটিয়া দ্রুত এমন অবৈধ কারবার বন্ধের আশ্বাস দিয়েছেন। যদিও স্থানীয়দের বক্তব্য, প্রশাসনের লোকজন মাঝেমধ্যেই এখানে আসেন। সবকিছু দেখেন ফিরেও যান।

শালবাড়ির নয়াবস্তির খেলার মাঠের পাশে থাকা গ্রাম সংলগ্ন এলাকা দিয়ে বয়ে গিয়েছে পঞ্চনই নদী। কিছুটা দূরেই কৃষক বাজার। এই কৃষক বাজারের জমি দখল করে বিক্রির ঘটনা নিয়ে এর আগে একাধিকবার উত্তরবঙ্গ সংবাদে খবর প্রকাশিত হয়েছে। তারপরেই কৃষি দপ্তর শালবাড়ি কৃষক বাজারের জমিতে সীমানা প্রাচীর দিয়েছে। এখন দখলদারি চলছে কৃষক বাজারের পিছনে। সোমবার দেখা গিয়েছে, পঞ্চনই নদী সংলগ্ন জমি এবং চরের

> **গাজোয়ারি**
> - শালবাড়ির নয়াবস্তি মাঠ সংলগ্ন পঞ্চনই নদীর চরে চলছে দখলদারি
> - আর্থিক প্রলোভন দিয়ে স্থানীয় তরুণদের নিয়ে জমি দখল ল্যান্ড মাফিয়াদের
> - প্রকাশ্যেই সরকারি জমি দখল, বিক্রি হচ্ছে কাঠা প্রতি দেড়-দু' লক্ষ টাকায়
> - অথচ, বর্জ্য প্রকল্পের জন্য সেই জমি পায়নি চম্পাসারি গ্রাম পঞ্চায়েত

দখল নিতে শতাধিক লোক হাতে বাঁশ, শাবল হাতে। আবার কেউ ফিতে দিয়ে জমি মাপজোখ করে খুঁটি পুঁতছে। খোঁজ নিয়ে জানা গেল, নদীর চর ও পাশে থাকা অনেকটা এলাকার জমি এভাবে প্লট করে বিক্রি হয়ে যাচ্ছে। সেখানে একাধিক টিনের চালা দিয়ে ঘর উঠেও গিয়েছে ইতিমধ্যে।

স্থানীয়দের অভিযোগ, কয়েকজন জমির দালাল পাড়ার কয়েকটা ছেলেকে নিয়ে গত কয়েকদিন ধরে এই জমিগুলি দখল করে খুঁটি পুঁতছে। নয়াবস্তির মাঠের পাশের বেশ কিছু বাড়িঘর দেখিয়ে মহম্মদ সুলেমান, নুর আলি বললেন, এই বাড়িগুলি আগে ছিল না। গত বর্ষার আগে এই জমিগুলিও প্লট করে জমির দালালরা লক্ষ লক্ষ টাকায় বিক্রি করেছিল। কিছু বলতে গেলেই হুমকি দেওয়া হয়েছে। এখন একইভাবে নদীটা দখল করতে চাইছে। জানা গিয়েছে, দেড় লক্ষ থেকে দুই লক্ষ টাকা কাঠা হিসাবে সরকারি জমি বিক্রি হচ্ছে।

কৃষক বাজারের পিছনের দিকে রাস্তা থাকায় জমির দাম বেশি। একটু ভিতরে নিলে এক লক্ষ টাকা কাঠা। চম্পাসারি গ্রাম পঞ্চায়েতের প্রধান জনক সাহা বলছেন, 'ওই এলাকায় জমি দখলের ঘটনা এর আগেও ঘটেছে। আমরা ওখানে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পের জন্য কিছুটা জমি চেয়ে বিডিওকে আবেদন করেছিলাম। সেই জমি পেলাম না। অথচ সেই জমি কে বা কারা দখল করছে। দ্রুত পদক্ষেপ করা উচিত।'

## রাষ্ট্রপতি শাসনের দাবি

**শিলিগুড়ি, ৩০ জুন :** রাজ্যে রাষ্ট্রপতি শাসনের দাবিতে পাহাড়জুড়ে পোস্টার সাঁটল বিজেপি। সোমবার দার্জিলিং, কার্সিয়াং, মিরিক ও কালিম্পংয়ে পোস্টারগুলো সাঁটা হয়েছে।

দলের পার্বত্য শাখার সভাপতি কল্যাণ দেওয়ান বলেছেন, 'আরজি কর কাণ্ডের পর এবার কসবার আইন কলেজে ছাত্রীকে গণধর্ষণ করা হল। এই রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি পুরোপুরি ভেঙে পড়েছে। তাই, রাজ্যবাসীর সুরক্ষার স্বার্থে রাষ্ট্রপতি শাসন জারি করা প্রয়োজন। সেই দাবিতেই পোস্টার সাঁটা হল।'

# বান্দ্রিজোতে দুর্ভোগ, বেহাল নিকাশি ব্যবস্থা

নাগরিক সমস্যা

**পারমিতা রায়**

**শিলিগুড়ি, ৩০ জুন :** সিঁদুরে নয়, বরং কালো মেঘ দেখলেই ডরায় বান্দ্রিজোতের বাসিন্দারা। বর্ষাকালে পাথরঘাটা গ্রাম পঞ্চায়েত এলাকার গ্রামটিতে মানুষের ব্যাপক ভোগান্তি হয়। বাড়িতে জল ঢুকে নষ্ট হয় জিনিসপত্র। গ্রামে নিকাশিনালা নির্মাণের দাবি দীর্ঘদিনের। অভিযোগ, বৃষ্টির জল জমে যাওয়াতেই পরিস্থিতি বিগড়ে যায়।

ফের বর্ষা এসেছে। এবারও কি দুর্ভোগ পোহাতে হবে? প্রশ্ন ঘুরছে সাধারণের মুখে মুখে। সংশ্লিষ্ট এলাকা ও তার আশপাশে প্রায় দুই হাজার মানুষের বসবাস। কথা হচ্ছিল ময়ূখ সরকারের সঙ্গে। বললেন, 'গতবছর জল ঢুকে গিয়েছিল ঘরে। কীভাবে দিন কাটে, বলে বোঝানো সম্ভব নয়।'

একই ইস্যুতে নিজের অভিজ্ঞতা ভাগ করে নিলেন অপর স্থানীয় প্রীতম বর্মন। জানালেন, গতবছর দু'দিন চিঁড়েমুড়ি খেয়ে থাকতে হয়েছিল তাঁকে। অনেক বাড়িতেই বন্ধ ছিল রান্নাবান্না। অভিযোগ, নেতারা এসে দেখেশুনে প্রতিশ্রুতি দিয়ে যান। ফিরে গিয়ে আবারও সব ভুলে যান তাঁরা।

অধিকাংশ নিকাশিনালা কাঁচা। কিছু পাড়ায় কংক্রিটের তৈরি হয়েছে বটে, তবে চওড়ায় কম। ফলে ভারী বৃষ্টিতে জল জমে থাকে। বেরোতে পারে না। বছরের বাকি সময় সমস্যা এত বেশি না হলেও, বাড়ি-বাড়ি থেকে বের হওয়া নোংরা জল জমে থাকছে কাঁচা-পাকা নালায়। তা থেকে ছড়াচ্ছে দুর্গন্ধ।

স্থানীয় সুমন দে'র কথায়, 'বহু বছর ধরে আমরা বেহাল নিকাশির সমস্যায় ভুগছি। জল উপচে রাস্তায় জমে। ঘরে ঢুকে যায়। কবে যে সমস্যা মিটবে, কে জানে।'

ক্ষোভের সুর তুলসী সাহা, অরুণ পালের মতো গ্রামবাসীর গলায়। শুধু নিকাশি নয়, রাস্তার অবস্থা খুব বেশি ভালো নয়। কিছু জায়গায় পিচের চাদর উঠে গিয়েছে। একাংশ এখনও মাটির। বৃষ্টিতে কাদায় মাখামাখি হয় পথ।

পাথরঘাটা গ্রাম পঞ্চায়েতের প্রধান মহম্মদ শাহিদের বক্তব্য, 'আমরা ওই এলাকায় কিছু পাকা নিকাশিনালা তৈরি করেছি। বড় নিকাশিনালার জন্য এসজেডিএ (শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন পর্ষদ) আর এনবিডিডি (উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর)-কে চিঠি পাঠিয়েছি। আশা করি, আগামী বছরের মধ্যে সমস্যার সমাধান হয়ে যাবে।'

আদৌ হবে তো, নাকি আরও অনেক প্রতিশ্রুতির মতো এটাও রয়ে যাবে অপূর্ণ- সন্দেহ দানা বাঁধে সাধারণের মনের কোণায়।

# রাসমেলার দুর্নীতি নিয়ে তদন্তের নির্দেশ রাজ্যের

**শুভঙ্কর চক্রবর্তী**

**শিলিগুড়ি, ৩০ জুন :** ঐতিহ্যবাহী কোচবিহার রাসমেলা পরিচালনায় আর্থিক তছরুপের অভিযোগের তদন্তের নির্দেশ দিল রাজ্য পুর ও নগরোন্নয়ন দপ্তর। পুরসভার বোর্ড অফ কাউন্সিলারকে গোটা বিষয়টি তদন্ত করে আইন মেনে দ্রুত পদক্ষেপ করতে বলা হয়েছে। কী পদক্ষেপ করা হল তা জানিয়ে একটি রিপোর্টও পুর দপ্তরে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। ১১ জুন পুরসভায় সেই চিঠি পৌঁছেছে।

অভিযোগ, সেই চিঠি ধামাচাপা দিয়েছেন পুর চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। নির্দেশের বিষয়টি কাউন্সিলারদের জানাননি তিনি। ৭ জুলাই পুরসভার বোর্ড মিটিং ডাকা হয়েছে। সেখানেও আলোচ্যসূচিতে তদন্তের নির্দেশের উল্লেখ করা হয়নি। রাসমেলা দুর্নীতি নিয়ে যে অভিযোগ উঠেছে তাতে পুর চেয়ারম্যানই মূল অভিযুক্ত। তাই ফেঁসে যাওয়ার ভয়েই কী তদন্তের চিঠি আটকাতে চাইছেন রবীন্দ্রনাথ? উঠেছে সেই প্রশ্নও।

রাসমেলা দুর্নীতির তদন্ত নিয়ে যখন কাউন্সিলারদের অন্ধকারে রাখার অভিযোগ উঠছে তখন রবীন্দ্রনাথ জানিয়েছেন, তিনি চিঠির উত্তর পাঠিয়ে দিয়েছেন। তদন্ত করতে বলা হয়েছে বোর্ড অফ কাউন্সিলারকে। তাহলে তাদের না জানিয়েই চেয়ারম্যান কীভাবে চিঠির উত্তর দিলেন? রবীন্দ্রনাথের সাফাই, 'বোর্ড মিটিংয়ের আলোচ্যসূচিতে এই বিষয়গুলি থাকে না। অভিযোগের বিষয়ে উত্তর দেওয়ার জন্য আমাকে বলা হয়েছিল। সেইমতো উত্তর দেওয়া হয়েছে।'

পুরসভার কোনও আধিকারিকই বিষয়টি নিয়ে প্রকাশ্যে মুখ খুলতে চাননি। তবে রবীন্দ্রনাথ যে যুক্তি দিয়েছেন তা মানতে নারাজ পুরসভার তৃণমূল কাউন্সিলার এবং



প্রাক্তন চেয়ারম্যান ভূষণ সিং। তাঁর বক্তব্য, 'বোর্ড অফ কাউন্সিলারকে যে নির্দেশ দেওয়া হয়েছে সে বিষয়ে বোর্ড মিটিংয়ে আলোচনা না করে কোনওভাবেই চেয়ারম্যান একক সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন না। পুর দপ্তরের নির্দেশের বিষয়ে আমরা কিছুই জানি না। কেন তিনি জানাননি তা চেয়ারম্যানের কাছে জানতে চাইব। সরকারি সিদ্ধান্ত অমান্য করতে দেওয়া হবে না।' চিঠির বিষয়ে তিনিও পুরোপুরি অন্ধকারে বলেই জানিয়েছেন পুরসভার ভাইস চেয়ারম্যান আমিনা আহমেদ।

মেলায় স্টল বসানো থেকে কর আদায়ের ক্ষেত্রে বড়সড়ো আর্থিক দুর্নীতি হয়েছে বলে তদন্ত চেয়ে রাজ্যের মুখ্যসচিব, পুরসচিব, ভিজিলেন্স কমিশনার সহ বিভিন্ন দপ্তরে লিখিত অভিযোগ জমা করেন কোচবিহার শহরের ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা শ্যামল চক্রবর্তী। পুর চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ এবং তাঁর ঘনিষ্ঠ কাউন্সিলার অভিজিৎ মজুমদার (রুপু) ছাড়াও পুরসভার বর্তমান ও প্রাক্তন এগজিকিউটিভ অফিসার ও ফিন্যান্স অফিসারের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে।

সেই অভিযোগের প্রেক্ষিতেই তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। পুর দপ্তরের চিঠির প্রতিলিপি পেয়েছেন শ্যামল। তাঁর কথা, 'চিঠি পাওয়ার ১৯ দিন পরও পুর চেয়ারম্যান তা গোপন রেখেছেন। এর থেকেই বোঝা যাচ্ছে তিনি তদন্তে ভয় পাচ্ছেন। আমি নিরপেক্ষ তদন্ত চাই। অভিযুক্ত পুর চেয়ারম্যান এবং তাঁর ঘনিষ্ঠ কাউন্সিলারকে বাদ দিয়ে তদন্ত কমিটি তৈরির দাবি জানাচ্ছি।'

কর বৃদ্ধি ইস্যুতে এমনিতেই বেশ বেকায়দায় পড়েছেন রবীন্দ্রনাথ। গোষ্ঠীকোন্দলের জেরে দলেও কোণঠাসা হয়ে পড়েছেন। পুরসভার দশটিরও বেশি প্রকল্পে দুর্নীতির অভিযোগে তদন্তের নির্দেশ দিয়েছেন জেলা শাসক। এবার রাসমেলা দুর্নীতি নিয়ে রাজ্য সরকারের তদন্ত করতে বলায় ল্যাজেগোবরে অবস্থা হয়েছে এক সময়কার দাপুটে তৃণমূল নেতার। বিরোধীরাও বিষয়টি নিয়ে সরব হয়েছেন।

# ফুলের বাজারে আগন্তুক

এই মরশুমে শিলিগুড়ির ফুল বাজারে নতুন হাওয়া। গোলাপ, গাঁদা, জারবেরার মোহ থেকে বেরিয়ে এসে এখন চাহিদার শীর্ষে রয়েছে কারনেশন, লিলিয়ামের মতো ফুল, আলোকপাত করলেন পারমিতা রায়



**শিলিগুড়ি, ৩০ জুন :** 'নতুন নতুন' ফুলের শোভায় মেতেছে শহর শিলিগুড়ি। হাতি মোড় থেকে বাঘা যতীন পার্কের দিকে যেতে গিয়ে রাস্তার পাশে থাকা ফুলের স্টলের পাশে থমকে দাঁড়িয়ে পড়লেন সুস্মিতা দে। তাঁর চোখ আটকে গেল পাতলা পাপড়ির এক ঝাঁক গোলাপি, লাল, সাদা ফুলের দিকে। নাম না জানা ফুলটির দিকে এগিয়ে গিয়ে নিজেকে সামলাতে না পেরে কিনেই ফেললেন সুস্মিতা। বললেন, 'এই ফুল আগে কোথাও দেখিনি। কী স্নিগ্ধ দেখতে! তাই নিজেকে সামলাতে না পেরে কিনেই ফেলেছি।'

এই মরশুমে শিলিগুড়ির ফুল বাজারে নতুন হাওয়া। গোলাপ, গাঁদা, জারবেরার মোহ থেকে বেরিয়ে এসে এখন চাহিদার শীর্ষে রয়েছে কারনেশন, লিলিয়ামের মতো ফুল। শিলিগুড়ি ফুল বাজারে এখন নানা রঙের উৎসব। বর্তমানে চাহিদার শীর্ষে রয়েছে নানা রংয়ের কারনেশন ফুল। সঙ্গে ক্রমশ বাড়ছে লিলিয়ামের চাহিদাও। কয়েকদিন আগে যদিও সূর্যমুখীর চাহিদা ছিল বেশি। তবে এখন প্রতিযোগিতায় এগিয়ে কারনেশন। এমনটাই বলছেন বিক্রেতারা। আগে বেঙ্গালুরুর ডাচ গোলাপে ভরে থাকত ফুলের দোকানগুলি। স্থানীয় গোলাপের তুলনায় বাইরে থেকে আসা ডাচ গোলাপের চাহিদাটা ছিল বেশি। তবে এখন শুধু ডাচ গোলাপ নয়, বেঙ্গালুরু থেকেই কারনেশন বা লিলিয়ামও আসছে। কারনেশনের একেকটি স্টিকের দাম ৫০ টাকা, কোথাও আবার ৭০ টাকা। এক-একটি স্টিকে তিন থেকে চারটে করে ফুল থাকে। বাহারি রংয়ের এই ফুলগুলি দেখলে কাগজের ফুল বলে মনে হতে পারে।

পিছিয়ে নেই লিলিয়ামও। জন্মদিন হোক বা কোনও সামাজিক অনুষ্ঠান, উপহার হিসেবে লিলিয়াম এখন অনেকেরই প্রিয়। হাতি মোড়ের ফুল ব্যবসায়ী প্রবীর নায়েকের কথায়, 'বাইরে থেকে আসা এই ফুলগুলির এখন ভালোই চাহিদা রয়েছে। আগে এগুলি শুধু শীতকালে আসত। তবে এখন গরমকালেও আসছে।'

এসব ফুলের দাম বেশি হলেও গ্রাহকরা কিনতে পিছপা হচ্ছেন না, জানালেন আরেক ফুল ব্যবসায়ী অরুণ পাল। তাঁর কথায়, 'লিলিয়ামের দাম ১০০ থেকে ১৫০ টাকার মধ্যে ঘোরাফেরা করে। আর কারনেশনের স্টিক এক-একটা ৫০ টাকা। দাম বেশি হলেও শখ মেটাতে কেউ আর দামের কথা ভাবছেন না।'

ফুল কিনতে এসেছিলেন কৃতী সাহা। এর আগে প্রিয় মানুষকে উপহার হিসেবে গোলাপই দিয়ে এসেছেন তিনি। এবার দিলেন লিলিয়াম। কেন? 'সব সময় তো প্রিয় মানুষকে গোলাপই দিয়ে থাকি। এবার কিছু আলাদা দেব, সেই ভাবনা থেকেই লিলিয়াম দিলাম', বলছিলেন কৃতী।





### কার কত দাম

- শিলিগুড়ির ফুল বাজারে এখন লেগেছে নতুন হাওয়া
- গোলাপ, জারবেরার মোহ কাটিয়ে এখন চাহিদার শীর্ষে কারনেশন ও লিলিয়াম
- বর্তমানে চাহিদার শীর্ষে রয়েছে নানা রংয়ের কারনেশন ফুল
- কারনেশনের একেকটি স্টিকের দাম ৫০ টাকা, কোথাও আবার ৭০ টাকা
- এক-একটি স্টিকে তিন থেকে চারটে করে ফুল থাকে
- লিলিয়ামের দাম ১০০ থেকে ১৫০ টাকার মধ্যে ঘোরাফেরা করে

# এসপি'র হাজিরায় বিতর্ক

## তৃণমূল প্রভাবিত সংগঠনের মঞ্চে পুলিশকর্তা

অরুণ ঝা

**ইসলামপুর, ৩০ জুন :** মঞ্চে রয়েছে মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পোস্টার। প্রগ্রেসিভ কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশন (পিসিডিএ) যে তৃণমূল কংগ্রেসের শাখা সংগঠন, তা নিয়ে কারও তেমন সন্দেহ নেই। আর এ কারণেই সংগঠনটির মঞ্চে ইসলামপুর পুলিশ জেলার পুলিশ সুপারের উপস্থিতি নিয়ে বিতর্ক দানা বাঁধল। ইতিমধ্যে ঘটনাটি নিয়ে সরব হয়েছে সিপিএম। পুলিশ সুপার নিজের নিরপেক্ষতা প্রশ্নের মুখে ঠেলে দিয়েছেন বলে বক্তব্য সিপিএম নেতৃত্বের। সোশ্যাল মিডিয়ায় একের পর এক পোস্ট ভাইরাল করা হয়েছে। যদিও তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগকে গুরুত্ব দিচ্ছেন না পুলিশ সুপার জবি থমাস। পুলিশ সুপারের সঙ্গে মঞ্চে থাকা ইসলামপুর পুরসভার চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়ালের যুক্তি, 'পিসিডিএ আমাদের দলের সংগঠন। আমি তৃণমূলের জেলা সভাপতি হিসেবে উপস্থিত ছিলাম।' সংগঠনের উত্তর দিনাজপুর জেলা সভাপতি ও রাজ্যের মন্ত্রী গোলাম রব্বানি স্বাভাবিকভাবেই মঞ্চে ছিলেন। তাঁর বক্তব্য, 'ভালো কাজ করলে পুলিশকে সংবর্ধনা দিলে আপত্তি কোথায়? সিপিএম নিজেদের আমলের ইতিহাস কি তারা ভুলে গিয়েছে? আসলে সবটাই সিপিএমের নোংরামো।' সাধারণ একটি বিষয় নিয়ে সিপিএম রাজনীতি করছে বলে মনে করছে পিসিডিএ।

রবিবার ইসলামপুর শহরের ট্রাক টার্মিনাসে পিসিডিএ-র সাধারণ সভা অনুষ্ঠিত হয়। মঞ্চে শহরের প্রথম সারির শাসকদলের নেতারা উপস্থিত ছিলেন। সঙ্গে সংগঠনের পদাধিকারীরাও ছিলেন। মঞ্চ থেকে সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিদের সংবর্ধনা জানানো হয়। পুলিশ সুপারকেও সংগঠনের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয়েছে বলে পদাধিকারীরা জানিয়েছেন। সিপিএম পুলিশ সুপারের যে ছবি সোশ্যাল মিডিয়ায় আপলোড করেছে, তাতে রব্বানি ও কানাইয়ার সঙ্গে বসে আছেন পুলিশ সুপার। তিনি বক্তব্যও রাখছেন। মঞ্চে যে ব্যানার রয়েছে, তাতে মমতা, অভিষেক, ইসলামপুরের বিধায়ক আব্দুল করিম চৌধুরী, চোপড়ার বিধায়ক হামিদুল রহমান, মন্ত্রী রব্বানির ছবি দেখা যাচ্ছে। সিপিএমের ইসলামপুরের ২ নম্বর এরিয়া কমিটির সম্পাদক সামি খান এই ছবি সোশ্যাল মিডিয়ায় প্রথম আপলোড করে পুলিশ সুপারের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। তারপর বিষয়টি ভাইরাল হতে শুরু করে। সামির প্রশ্ন, 'পুলিশ সুপারের এহেন আচরণ কাম্য নয়। কারণ তাঁর অবস্থান হওয়া উচিত নিরপেক্ষ। শাসকদলের সর্বোচ্চ নেতা মমতা ও অভিষেকের ব্যানার লাগানো মঞ্চে উপস্থিত হয়ে পুলিশ সুপার নিরপেক্ষতা হারিয়েছেন। সঙ্গে এই ঘটনা প্রমাণ করছে যে, পুলিশ শাসকদলের হয়ে কাজ করছে। আমরা বিষয়টির তীব্র নিন্দা করছি।'

এ প্রসঙ্গে পুলিশ সুপারকে প্রশ্ন করা হলে তাঁর সাফ জবাব, 'ওষুধ ব্যবসায়ীদের সংগঠনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি নিমন্ত্রিত ছিলাম। পুলিশের পক্ষ থেকে সেখানে সচেতনতামূলক বিষয় নিয়েও আলোচনা করা হয়েছে। মঞ্চে রাজনৈতিক লোক নন, যাঁরা উপস্থিত ছিলেন তাঁরা এগজিকিউটিভ। মন্ত্রী ও পুর চেয়ারম্যান জনপ্রতিনিধি।' পুলিশ সুপারের সংযোজন, 'কারা এসব নিয়ে কী করছে বা বলছেন, তা নিয়ে আমি মন্তব্য করব না। আমি জানি কোথায় যাওয়া উচিত আর কোথায় যাওয়া উচিত নয়।' পিসিডিএ-এর উত্তরবঙ্গের কনভেনার শুভেন্দু মজুমদারের বক্তব্য, 'আমরা তৃণমূলের ওষুধ ব্যবসায়ী সংগঠন। বিশেষ সাধারণ সভা উপলক্ষ্যে পুলিশ সুপার সহ সমাজের বিভিন্ন স্তরের ব্যক্তিদের সংবর্ধনা জানিয়েছি। পাশাপাশি নারকোটিক ড্রাগস সংক্রান্ত বিষয়েও তাঁর সঙ্গে আলোচনা হয়েছে।'

> আমি নিমন্ত্রিত ছিলাম। পুলিশের পক্ষ থেকে সেখানে সচেতনতামূলক বিষয় নিয়েও আলোচনা করা হয়েছে। মঞ্চে রাজনৈতিক লোক নন, যাঁরা উপস্থিত ছিলেন তাঁরা এগজিকিউটিভ। মন্ত্রী ও পুর চেয়ারম্যান, জনপ্রতিনিধি - কারা এসব নিয়ে কী করছেন বা বলছেন, তা নিয়ে আমি মন্তব্য করব না। আমি জানি কোথায় যাওয়া উচিত, আর কোথায় যাওয়া উচিত নয়।
>
> **জবি থমাস**
> *পুলিশ সুপার, ইসলামপুর*



*পিসিডিএ'র অনুষ্ঠান মঞ্চে বক্তব্য রাখছেন পুলিশ সুপার। রবিবার।*

# কসবা কাণ্ডে রাত দখলের মেয়েরা চুপ

তমালিকা দে

**শিলিগুড়ি, ৩০ জুন :** আরজি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও মৃত্যুর পর 'জাস্টিস' চেয়ে রাস্তায় নেমে দাবি জানিয়েছিলেন শহরের অসংখ্য মহিলা। কখনও 'রাত দখল', কখনও আবার 'ভোর দখল' করে আলোড়ন ফেলে দিয়েছিলেন শহরজুড়ে। আরজি কর হাসপাতালের ঘটনার মতো ছবি দেখা গিয়েছে কসবার আইন কলেজে। কিন্তু এবার যেন একেবারেই শান্ত শহর। সোশ্যাল মিডিয়াতে কেউ কেউ এই ঘটনার তীব্র নিন্দা করলেও পথে নেমে সেভাবে কোনও প্রতিবাদ মহিলাদের তরফে এখনও দেখা যায়নি।

সেরকম কোনও আন্দোলন এখনও কেন নজরে এল না, তা নিয়ে প্রশ্ন করা হলে শিলিগুড়ি গার্লস হাইস্কুলের 'আমরা প্রাক্তনী' সংগঠনের সদস্য সুদেষ্ণা ভট্টাচার্য বলেন, 'আরজি কর হাসপাতালের তরুণী চিকিৎসকের ধর্ষণের ঘটনার প্রতিবাদে রাস্তায় নেমে দিনের পর দিন বিচারের জন্য দাবি জানানো হয়েছিল। কিন্তু বিচার মিলেছে কি? শুধু রাস্তায় নেমে প্রতিবাদ জানালেই বিচার যে মিলবে না তা আমরা ভালো করেই বুঝেছি। তাই কসবা আইন কলেজের ঘটনার প্রতিবাদে এখনও রাস্তায় নামার কোনও পরিকল্পনা নেই।' অভয়ার বিচারের জন্য 'রাত দখল' থেকে 'ভোর দখল' কর্মসূচিতে যোগ দিয়েছিলেন পৌলোমী চাকি নন্দী। তাঁর সঙ্গে যোগাযোগ করা হলে মন খারাপ করে তিনি জানান, আরজি করের ঘটনার বিচার কী হল তা আমরা সবাই দেখেছি। তবে এবার আর রাত দখল নয়। কসবার আইন কলেজের ঘটনার প্রতিবাদে অন্যরকম কর্মসূচি করার পরিকল্পনা রয়েছে।

আরজি কর হাসপাতালের ঘটনার সময় শহরের প্রচুর মেয়েদের সমর্থন পেয়েছিল 'লাউড অ্যান্ড ক্লিয়ার' সংগঠন। কসবার ঘটনায় এই সংগঠনের তরফে বিক্ষোভ সভা করা হয়। ভেনাস মোড়ে আয়োজিত এই সভায় হাতেগোনা মহিলাকে দেখা যায়। সংগঠনের সদস্য চৈতালী বর্মন বলেন, 'মহিলাদের সুরক্ষার জন্য আমরা এই বিক্ষোভ সভা করেছি। তবে এটাও সত্যি আরজি কর হাসপাতালের ঘটনার সময় যেভাবে আমরা মেয়েদের পাশে পেয়েছিলাম। রাস্তায় নেমে প্রতিবাদ করার সেই সমর্থন অনেকটাই কমে গিয়েছে।'


*শিলিগুড়ি হিলকার্ট রোডে কসবা কাণ্ডের প্রতিবাদে বৃষ্টিতে ভিজে বিজেপির বিক্ষোভ। ছবি : সূত্রধর*

# শহরে ভিনরাজ্যের দুষ্কৃতী গ্যাং, ধৃত ৫

শমিদীপ দত্ত

**শিলিগুড়ি, ৩০ জুন :** কাওয়াখালির রাস্তায় তল্লাশি চালিয়ে একটি বিলাসবহুল গাড়ির ডিকি থেকে মিলল রড, টর্চ থেকে শুরু করে একাধিক সামগ্রী। পুলিশের সন্দেহ, উত্তরপ্রদেশের একদল দুষ্কৃতী সেই গাড়িতে চেপে শিলিগুড়ি শহরে জড়ো হয়েছিল কোনও অপরাধমূলক কাজের উদ্দেশ্যে। সেই গাড়িতে থাকা ৫ জনকে গ্রেপ্তারও করা হয়েছে। সেইসঙ্গে ওই গাড়িটিও বাজেয়াপ্ত করেছে মাটিগাড়া থানার পুলিশ। ধৃতদের মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হবে।

পুলিশ বলছে, ওই গাড়ি থেকে যেসব সামগ্রী মিলেছে, তা ব্যবহার করা হয় কোনও বাড়িতে জোর করে ঢুকতে গেলে। তাই প্রশ্ন উঠছে, ওই ৫ জন কি তাহলে শহরে বড় ধরনের অপরাধমূলক কাজের উদ্দেশ্যে ঢুকেছিল? পুলিশেরও প্রাথমিক অনুমান সেই দিকেই যাচ্ছে।

পুলিশ সূত্রে খবর, ধৃতরা হল অখিলেশ কুমার, অনুজ কুমার, রাঘবেন্দ্র সিং, আকাশ কুমার ও অনসুল কুমার। প্রত্যেকেই উত্তরপ্রদেশেরে অউরাইয়া জেলার বাসিন্দা। সোমবার রাতে পুলিশের কাছে গোপন সূত্রে খবর আসে, উত্তরপ্রদেশ থেকে একটি গ্যাং গাড়িতে চেপে শহরে ঢুকছে। এরপরই কাওয়াখালির রাস্তায় নাকা চেকিং শুরু করে পুলিশ। রাত দশটা নাগাদ একটি গাড়ি সেখানে আসে। সন্দেহ হওয়ায় সেই গাড়ির ডিকি পরীক্ষা করে পুলিশ। তখনই রড, টর্চ সহ বিভিন্ন সন্দেহজনক সামগ্রী নজরে আসে। এরপর সেব্যাপারে গাড়িতে থাকা ওই ৫ জনকে জিজ্ঞাসাবাদ করা হলে তারা স্পষ্ট করে কিছু বলতে পারেনি। তখন পুলিশ ওই ৫ জনকে গ্রেপ্তার করেছে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পেরেছে, অভিযুক্তরা মাটিগাড়া এলাকায় বড় ধরনের ডাকাতির ছক নিয়ে শহর শিলিগুড়িতে এসেছিল। গোটা ঘটনার তদন্ত করছে পুলিশ।

এদিকে, শহরে একের পর এক বহিরাগত দুষ্কৃতীচক্রের দাপটে রীতিমতো নাজেহাল শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশ। মেওয়াট থেকে শহরে ঢুকেছে দুষ্কৃতীরা। সম্প্রতি সোনা লুটের ঘটনায় বিহার-রাজস্থান-উত্তরপ্রদেশের দুষ্কৃতীদের নিয়ে তৈরি হওয়া গ্যাংয়ের হদিস পেয়েছে পুলিশ। সেই ঘটনায় ইতিমধ্যেই ছয়জনকে গ্রেপ্তারও করা হয়েছে। তাদের মধ্যে তিনজনকে বুধবার ভোরে ট্রানজিট রিমান্ডে নিয়ে আসছে পুলিশ। এই পরিস্থিতিতে বহিরাগত গ্যাং যাতে আর কোনওমতেই শহরে না ঢুকতে পারে, সেদিকে জোর দেওয়ার কথা জানিয়েছে শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশ।

## অভিযানে গ্রেপ্তার ৮

**শিলিগুড়ি, ৩০ জুন :** অপরাধমূলক কাজের উদ্দেশ্যে জড়ো হওয়ার অভিযোগে ৮ দুষ্কৃতীকে রবিবার রাতে গ্রেপ্তার করল শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশ। ধৃতদের মধ্যে ৪ জনকে গ্রেপ্তার করেছে ভক্তিনগর থানার পুলিশ। বাকি ৪ জনকে গ্রেপ্তার করেছে প্রধাননগর থানার পুলিশ। ভক্তিনগর থানা সূত্রে জানা গিয়েছে, ডন বসকো মোড় এলাকায় অভিযান চালিয়ে মহম্মদ নাজিম, পিংকু পাসোয়ান, পিংকু রায় ও সুমন রায়কে গ্রেপ্তার করে পুলিশ। অন্যদিকে, দার্জিলিং মোড় সংলগ্ন পঞ্চনই সেতু এলাকায় অভিযান চালিয়ে রোশন সিং, বিপ্লব দাস, নিপেন রায় ও বিশাল রাউতকে গ্রেপ্তার করে প্রধাননগর থানার পুলিশ। অভিযুক্তরা অপরাধমূলক কোনও কাজের উদ্দেশ্যে এলাকায় জড়ো হয়েছিল বলে পুলিশ জানিয়েছে। ধৃত ৮ জনকে সোমবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

## কাফ সিরাপ সহ ধৃত ৩

**শিলিগুড়ি, ৩০ জুন :** পৃথক দুই অভিযান চালিয়ে রবিবার রাতে ১১৬ বোতল কাফ সিরাপ সহ ৩ জনকে গ্রেপ্তার করল প্রধাননগর থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, এদিন রাতে রেগুলেটেড মার্কেট এলাকায় দুজন অবৈধভাবে কাফ সিরাপ বিক্রি করতে এসেছে বলে তাদের কাছে খবর পৌঁছায়। এরপর পুলিশ সেখানে অভিযান চালিয়ে ওই দুজনের ব্যাগ থেকে কাফ সিরাপ বাজেয়াপ্ত করে। ধৃতরা হলেন গোপী বাড়ুই ও মনোজ রায়। অন্যদিকে, এদিন রাতে স্টেট গেস্টহাউস এলাকায় অভিযান চালিয়ে স্বপন রায় নামে এক তরুণকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতের কাছ থেকেও কাফ সিরাপ উদ্ধার হয়। সোমবার ধৃতদের শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

## আন্তর্জাতিক গ্রহাণু দিবস

**শিলিগুড়ি, ৩০ জুন :** আন্তর্জাতিক গ্রহাণু দিবস পালন করা হল উত্তরবঙ্গ বিজ্ঞানকেন্দ্রে। সোমবার বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচি নিয়ে পড়ুয়াদের সঙ্গে দিনটি পালন করা হয়। মহাকাশ বিজ্ঞান নিয়ে পড়ুয়াদের আগ্রহ যাতে আরও বাড়ে তার ওপর বক্তব্য রাখেন স্কাই ওয়াচার্স অ্যাসোসিয়েশন অফ নর্থ বেঙ্গলের সম্পাদক দেবাশিস সরকার। এদিনের অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের পড়ুয়ারা উপস্থিত ছিল বলে বিজ্ঞানকেন্দ্রের এডুকেশন অফিসার বিশ্বজিৎ কুণ্ডু জানিয়েছেন।

## পথসভা

**শিলিগুড়ি, ৩০ জুন :** কসবার আইন কলেজের ঘটনার প্রতিবাদ জানিয়ে ৪ জুলাই পুরনিগম অভিযান করবে সিপিএম। এই কর্মসূচি সফল করার জন্য সোমবার সিপিএমের ৪ নম্বর এরিয়া কমিটির তরফে এনটিএস মোড়ে পথসভা করা হয়। উপস্থিত ছিলেন এরিয়া কমিটির সম্পাদক তুফান ভট্টাচার্য, ২৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার জয় চক্রবর্তী।

# পুজোর বাজেট নিয়ে হিসেবনিকেশ তুঙ্গে

পারমিতা রায়

**শিলিগুড়ি, ৩০ জুন :** প্রতিবছর রথের পর কোন পুজো হবে শিলিগুড়ির সেরা, কোন পুজোর থিম, মণ্ডপ, প্রতিমা মানুষের মন কাড়বে তা নিয়েই আলোচনা শুরু হয়। ইতিমধ্যেই দেশবন্ধুপাড়া থেকে শুরু করে চম্পাসরি সব জায়গাতেই পুজো নিয়ে প্রস্তুতি তুঙ্গে। কোথাও প্রকৃতিকে তুলে ধরা হবে, কোথাও কৃষকদের পরিস্থিতি, আবার কোথাও তুলে ধরা হবে মন্দিরের ভাস্কর্য। কোথাও এখনও ঠিক করা হয়নি থিমের নাম, চলছে বাজেট কষাকষি।

প্রতিবছর শহরবাসীকে বিশেষ পুজো উপহার দিয়ে থাকে সুব্রত সংঘ। এবছরের তাঁদের বিশেষ থিম 'প্রকৃতি'। প্রায় ৪০ লক্ষের বাজেটে এই থিম ফুটিয়ে তোলা হবে সেখানে। সাধারণ মানুষ দিন-দিন প্রকৃতি নষ্ট করছে, সেই বিষয়টিই ফুটিয়ে তুলবেন মেদিনীপুরের শিল্পীরা। আরেক বিগ বাজেটের পুজো হল সেন্ট্রাল কলোনি। এবার তাদের ৬৩তম বর্ষে থিম 'মাটির টান'। আমরা কৃষির প্রতি নির্ভরশীল, কৃষক ও মাটির প্রতি সম্মান জানাতে এই থিম বেছে নেওয়া হয়েছে। প্রায় চল্লিশ লক্ষের বাজেটে হচ্ছে মণ্ডপ তৈরির কাজ। পিছিয়ে নেই জাতীয় শক্তি সংঘ ও পাঠাগার। তাদের এবছরের থিম হল বৃন্দাবন চন্দ্রোদয় মন্দিরের আদলে মণ্ডপসজ্জা।



বাজেট প্রায় ৪০ লক্ষ। দক্ষিণবঙ্গের শিল্পীরাই মণ্ডপ তৈরি করছেন। প্রায় ১৪০ ফুটের মণ্ডপ তৈরি হবে। বিশেষ মণ্ডপ তৈরি করে এবারও তাক লাগিয়ে দেওয়ার চেষ্টায় উদ্যোক্তারা।

পিছিয়ে নেই মধ্যম বাজেটের পুজোগুলিও। প্রতি বছর বিশেষ কিছু ভাবনার মধ্যে দিয়ে মানুষের মন কাড়ে কলেজপাড়া দুর্গাপুজো কমিটি। এবার তাদের ৭৫তম বর্ষে বিশেষ ভাবনা হল 'শুদ্ধ শুচি'। দেহ ও মনের পবিত্রতাকে এই থিমের মধ্য দিয়ে তুলে ধরা হবে। প্রায় ২০ লক্ষের বাজেটে এবার পুজো হচ্ছে। শিলিগুড়ির শিল্পীরাই মণ্ডপ তৈরি করছেন। মণ্ডপের সঙ্গে সঙ্গে আলোকসজ্জাতেও থাকবে বিশেষত্ব, এমনটাই জানান সায়ন চৌধুরী। শহরের অন্যতম বিগ বাজেটের পুজো সুব্রত সংঘের তরফে ভাস্কর বিশ্বাস বলেন, 'আমরা প্রতিবারই চেষ্টা করি বিশেষ কিছু করার, এবারও সেই চেষ্টায় আছি। আশা করছি দর্শনার্থীদের ভালো লাগবে।' শিলিগুড়ির অন্যান্য বিগ বাজেটের পুজো যেমন দাদাভাই স্পোর্টিং ক্লাব থেকে শুরু করে রবীন্দ্র সংঘে চলছে শেষমুহূর্তের প্রস্তুতি। এখনও ঠিক করা হয়নি থিমের নাম।

# দর্জির দোকানে সেনার পোশাক

**শিলিগুড়ি, ৩০ জুন :** শালুগাড়ায় একটি দর্জির দোকানের আড়ালে সাড়ে পনেরো মিটার সেনাবাহিনীর 'ক্যামোফ্লাজ' ইউনিফর্মের কাপড়ের হদিস পাওয়া গেল। সেই কাপড় উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল ভক্তিনগর থানা এলাকায়। পুলওয়ামার ঘটনার পর থেকেই যত্রতত্র সেনাবাহিনীর ইউনিফর্ম বিক্রির ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। সেক্ষেত্রে নতুন ক্যামোফ্লাজ ডিজাইন তৈরি করার ব্যাপারে দেশের সমস্ত জায়গায় নিষেধাজ্ঞা সংবলিত নির্দেশিকা সরকারের তরফ থেকে দেওয়া হয়েছে।

রবিবার সুকনার আর্মি ইন্টেলিজেন্স টিমের তরফ থেকে ভক্তিনগর থানার পুলিশের কাছে খবর যায়, শালুগাড়ার একটি দর্জির দোকানে সেনার ইউনিফর্ম তৈরি হচ্ছে। এরপরই ভক্তিনগর থানার সাদা পোশাকের পুলিশ সেখানে অভিযান চালায়। দর্জি জাকির হোসেনকে গ্রেপ্তার করে। পুলিশ ওই কাপড় বাজেয়াপ্ত করেছে।

অভিযুক্ত দর্জিকে জিজ্ঞাসাবাদ করে ভক্তিনগর থানার তদন্তকারী অফিসাররা জানতে পেরেছেন, সিকিমের এক ব্যক্তি নাকি ইউনিফর্ম তৈরির জন্য ওই দর্জিকে কাপড় দিয়েছিলেন। আগেও নাকি ওই ব্যক্তি তাঁর দোকানে ইউনিফর্মের কাপড় দিয়ে গিয়েছেন বলে জাকির জানিয়েছেন। সিকিমের ওই ব্যক্তি তাঁকে ওই কাপড় সরবরাহ করলেও ব্যক্তির নাম, ফোন নম্বর কিংবা বাড়ির ঠিকানা, কিছুই জানা নেই ওই দর্জির।

সোমবার ধৃতকে জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। গোটা ঘটনায় সেনাবাহিনীর তরফেও তদন্ত করা হচ্ছে। এই ঘটনায় প্রশ্ন উঠছে, সিকিমের কোনও ব্যক্তি যদি এই পোশাক বানিয়ে থাকে, তাহলে কেন বানাচ্ছে? সিকিমের খুব কাছেই রয়েছে চিনের সীমান্ত। বিভিন্ন মহল থেকে তাই ঘটনাকে আশঙ্কাজনক বলে মনে করা হচ্ছে।


টয় ট্রেন আমাদের সবার গর্ব ও আবেগজড়িত
নর্থবেঙ্গল পেইন্টার্স অ্যাসোসিয়েশন-এর উদ্যোগে ও দার্জিলিং হিমালয়ান রেলওয়ে-এর সহযোগিতায়
প্রথমবারের মতো টয় ট্রেন ডে
উদযাপিত হতে চলেছে ৪ জুলাই, ২০২৫-এ
স্থান: সুকনা স্টেশন, সময়: সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত
সবাইকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে
বিশদে জানতে যোগাযোগ করুন
আর্টিস্ট সঞ্জয় দে (সভাপতি, এনবিপিএ) : 94341-63459
আর্টিস্ট সুজয় মিত্র (সচিব, এনবিপিএ) : 86176-98119

